**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ৫ অক্টোবর ২০১৬, ২০ আশ্বিন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ৮ প্রকল্প অনুমোদন : রেলওয়েতে ২০০ কোচ সংযোজন করা হচ্ছে
২। জাতিসংঘে পুরস্কার প্রাপ্তিতে প্রধানমন্ত্রীকে জাতীয় সংসদে ধন্যবাদ জানানো হয়েছে
৩। খাদ্যপণ্য উৎপাদনে বাংলাদেশ রোল মডেল : বাণিজ্যমন্ত্রী
৪। যুদ্ধ হলে ভারতের পাশে থাকবে বাংলাদেশ : স্বরাষ্ট্রমন্ত্রী
৫। বাংলাদেশ ইরান থেকে জি-টু-জি পদ্ধতিতে ইউরিয়া সার আমদানি করবে
৬। শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত গাওয়া বাধ্যতামূলক : শিক্ষামন্ত্রী
৭। দক্ষিণ এশিয়ায় মোবাইলভিত্তিক আর্থিক সেবা চালু করুন : আইনমন্ত্রী
৮। দেশে ২ হাজার আটশ'র অধিক পত্রিকা প্রকাশিত হচ্ছে : সংসদে তথ্যমন্ত্রী
৯। সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়নে সরকারের পদক্ষেপ সাহসী ও বাস্তবমুখী : স্পিকার
১০। রাষ্ট্রপতিদের অবসর ভাতা বৃদ্ধির বিল পাস
১১। ঢাকায় সফররত ইংলিশ ক্রিকেটারদের বিশ্বমানের নিরাপত্তা দেবে পুলিশ
১২। বাংলাদেশ-ভারত সীমান্তে এক স্তরের বেড়া দেবে ভারত : বিজিবি-বিএসএফের বৈঠক
১৩। জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে কলেজছাত্রী খাদিজা
১৪। বিশ্ব শিক্ষক দিবস আজ

চলমান পাতা-২



**১। একনেকে ৮ প্রকল্প অনুমোদন : রেলওয়েতে ২০০ কোচ সংযোজন করা হচ্ছে**

বাংলাদেশ রেলওয়ের জন্য ২০০টি এমজি যাত্রীবাহী কোচ সংগ্রহ প্রকল্পসহ ৮টি প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি একনেক। এতে মোট ব্যয় হবে ৩ হাজার ৪৮৮ কোটি ২০ লাখ টাকা। এর মধ্যে সরকারি অর্থায়নে ১ হাজার ৪৪০ কোটি ৩৫ লাখ টাকা, প্রকল্প সাহায্য ২ হাজার ২৭ কোটি ৭১ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব অর্থায়ন ২০ কোটি ২৪ লাখ টাকা। গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার শেরেবাংলা নগরে (এনইসি) মিলনায়তনে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.১ ক.২)।

**২। জাতিসংঘে পুরস্কার প্রাপ্তিতে প্রধানমন্ত্রীকে জাতীয় সংসদে ধন্যবাদ জানানো হয়েছে**

জাতিসংঘে নারী-পুরুষের সমতা এবং নারীর ক্ষমতায়নের জন্য 'প্লানেট ফিফটি ফিফটি চ্যাম্পিয়ন' ও 'এজেন্ট অব চেইঞ্জ অ্যাওয়ার্ড' প্রাপ্তির মাধ্যমে দেশ ও জাতির জন্য বিরল সম্মান অর্জন করায় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানানো হয়েছে। সংসদের দ্বাদশ অধিবেশনে গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার বৈঠকে সর্বসম্মতিক্রমে জাতীয় সংসদের পক্ষ থেকে এ ধন্যবাদ প্রস্তাব গৃহীত হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **অবজারভার** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (পৃ.৩,ক.৬)।

**৩। খাদ্যপণ্য উৎপাদনে বাংলাদেশ রোল মডেল : বাণিজ্যমন্ত্রী**

খাদ্যপণ্য উৎপাদনে বাংলাদেশ এখন বিশ্বের মধ্যে মডেল বলে মন্তব্য করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, জলবায়ু পরিবর্তনের সঙ্গে সঙ্গে বিশ্বকে প্রতিনিয়ত নতুন নতুন পরিস্থিতি মোকাবিলা করতে হচ্ছে। সঙ্গত কারণেই খাদ্য নিরাপত্তা ঝুঁকির মধ্যেই থাকে। মুক্তবাণিজ্য সময়োপযোগী ট্রেড পলিসি এবং ট্রেড এগ্রিমেন্ট ফুড সিকিউরিটি এবং নিউট্রিশনের জন্য জরুরি। খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে এফএও-কে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। গত ৩ অক্টোবর সোমবার ইতালিতে সফররত বাণিজ্যমন্ত্রী রোমে এফএও'র হেডকোয়ার্টার্সে অনুষ্ঠিত জাতিসংঘ খাদ্য ও কৃষি সংস্থা এর ৭১তম সেশনে ৪র্থ মিনিস্টিরিয়াল কনফারেন্সে সমাপনী অধিবেশনের সভাপতির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **যুগান্তর** (পৃ.২,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**৪। যুদ্ধ হলে ভারতের পাশে থাকবে বাংলাদেশ : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, পাকিস্তানের সঙ্গে যুদ্ধ অনিবার্য হলে ভারতের পাশে থাকবে বাংলাদেশ। গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার সচিবালয়ের গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ-ভারত সম্পর্ক নিয়ে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ) আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ভারত আমাদের বিশ্বস্ত বন্ধু। মুক্তিযুদ্ধে ভারতের অনেক অবদান রয়েছে। তাই ভারত কারো দ্বারা আক্রান্ত হলে বাংলাদেশ তাদের পাশে থাকবে। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ডেইলি সান,** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**৫। বাংলাদেশ ইরান থেকে জি-টু-জি পদ্ধতিতে ইউরিয়া সার আমদানি করবে**

বাংলাদেশ ইরান থেকে সরকারি জি-টু-জি পদ্ধতিতে ইউরিয়া সার ও পেট্রোকেমিক্যাল পণ্য আমদানি করবে বাংলাদেশ। একই সঙ্গে বাংলাদেশের রাষ্ট্রায়ত্ত স্টিল কারখানা ও চিনিকলের আধুনিকায়নে ইরানের প্রযুক্তিগত সহায়তা নেওয়া হবে। ইরানে সফররত শিল্পমন্ত্রী আমির হোসেন আমু গত ৩ অক্টোবর সোমবার ইরানের শিল্প, খনি ও বাণিজ্যমন্ত্রী মোহাম্মদ রেজা নেমাতজাদেহের সঙ্গে বৈঠককালে বাংলাদেশের এ আগ্রহের কথা জানান। ইরানের শিল্পমন্ত্রীর দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৯,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৬। শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত গাওয়া বাধ্যতামূলক : শিক্ষামন্ত্রী**

দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সঙ্গীত পরিবেশন বাধ্যতামূলক একথা সংশ্লিষ্টদের স্মরণ করিয়ে দিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। অনেক শিক্ষা প্রতিষ্ঠানে সরকারি এ আদেশ মানা



হয় না। অনেক প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করা হয় না কখনোই। এমন নানা অভিযোগের প্রেক্ষাপটে গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার ঢাকা কলেজে আয়োজিত এক অনুষ্ঠানে এ বিষয়ে সতর্ক থাকতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন শিক্ষামন্ত্রী। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** ( পৃ.৩,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬)।

**৭। দক্ষিণ এশিয়ায় মোবাইলভিত্তিক আর্থিক সেবা চালু করুন : আইনমন্ত্রী**

দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে মোবাইলভিত্তিক আর্থিক এমএফএস সম্প্রসারণে সংশ্লিষ্ট দেশগুলোর টেলিযোগাযোগ নিয়ন্ত্রক কমিশনের প্রতি আহ্বান জানিয়েছেন আইনমন্ত্রী আনিসুল হক। নিজেদের মধ্যে এ সেবা চালু করা গেলে আঞ্চলিক ব্যবসা-বাণিজ্য আরো প্রসারিত হবে বলে মন্তব্য করেন তিনি। গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার

ঢাকার একটি হোটেলে ১৭তম দক্ষিণ এশীয় টেলিযোগাযোগ নিয়ন্ত্রক কাউন্সিলের তিন দিনের সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে আইনমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৬), **ইনকিলাব** (পৃ.২,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৫)।

**৮। দেশে ২ হাজার আটশ'র অধিক পত্রিকা প্রকাশিত হচ্ছে : সংসদে তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক, মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক মিলে বর্তমানে দেশে ২ হাজার ৮০০-এর অধিক পত্রিকা প্রকাশিত হচ্ছে। তিনি গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার সংসদে এক প্রশ্নের জবাবে আরো বলেন, গণমাধ্যমের স্বাধীনতা ও তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিতকরণ তথা গণমাধ্যমের বিকাশে সরকার আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার ব্যাপক প্রসার ঘটেছে। তথ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকারের বিগত ৭ বছরের অধিক সময়ে সাত শতাধিক পত্রিকার নিবন্ধন দেওয়া হয়েছে। একই সঙ্গে বেসরকারি মালিকানায় ৩১টি স্যাটেলাইট চ্যানেল, ২৪টি এফএম বেতার এবং ৩২টি কমিউনিটি রেডিওর অনুমোদন দেওয়া হয়েছে। বর্তমানে সরকারি ৩টি টেলিভিশন চ্যানেলের পাশাপাশি বেসরকারি ব্যবস্থাপনায় ২৬টি টেলিভিশন চ্যানেল, ২১টি এফএম বেতার এবং ১৭টি কমিউনিটি রেডিও সম্প্রচার কার্যক্রম পরিচালনা করছে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.২), **অবজারভার** (পৃ.১১,ক.৫)।

**৯। সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়নে সরকারের পদক্ষেপ সাহসী ও বাস্তবমুখী : স্পিকার**

সিপিএ চেয়ারপারসন ও জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল প্রণয়নে নারী, শিশু, বিধবা, মুক্তিযোদ্ধা, প্রতিবন্ধীসহ বিভিন্ন শ্রেণীর মানুষকে অন্তর্ভুক্ত করা হয়েছে, যা বর্তমান সরকারের একটি সাহসী ও বাস্তবমুখী পদক্ষেপ। গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার জাতীয় সংসদ ও মন্ত্রিপরিষদ বিভাগের আয়োজনে বাংলাদেশ জাতীয় সংসদের শপথ কক্ষে 'জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশলপত্র সম্পর্কে সংসদ সদস্যদের অবহিতকরণ' কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে স্পিকার এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.৪), **অবজারভার** (পৃ.১১,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৪)।

**১০। রাষ্ট্রপতিদের অবসর ভাতা বৃদ্ধির বিল পাস**

অবসরে যাওয়া রাষ্ট্রপতিদের ভাতা বৃদ্ধির লক্ষ্যে গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার জাতীয় সংসদে 'রাষ্ট্রপতির অবসর ভাতা, আনুতোষিক ও অন্যান্য সুবিধা আইন-২০১৬' নামে একটি বিল পাস করা হয়েছে। এ বিলের বিধান অনুযায়ী বর্তমান রাষ্ট্রপতি অবসরে গেলে ৪৫ হাজার ৯০০ টাকা ভাতাসহ অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন। তবে সর্বোচ্চ আদালত কর্তৃক অবৈধ ঘোষিত তিন সাবেক রাষ্ট্রপতি খন্দকার মোশতাক আহমেদ, জিয়াউর রহমান ও হুসেইন মুহম্মদ এরশাদ অবসর সুবিধা পাবেন না। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **নিউ এজ** (পৃ.১২,ক.২)।

**১১। ঢাকায় সফররত ইংলিশ ক্রিকেটারদের বিশ্বমানের নিরাপত্তা দেবে পুলিশ**

ঢাকায় সফররত ইংলিশ ক্রিকেটারদের বিশ্বমানের নিরাপত্তা দেবে পুলিশ। খেলার মাঠ ছাড়াও ক্রিকেটাররা যেখানেই যাবেন সেখানেই থাকবে সার্বিক নিরাপত্তা। ঢাকা মহানগর পুলিশ কমিশনার আছাদুজ্জামান মিয়া গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার মিরপুর শের-ই-বাংলা স্টেডিয়ামের নিরাপত্তা পর্যবেক্ষণ শেষে এক সংবাদ সম্মেলনে এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইনকিলাব** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।



**১২। বাংলাদেশ-ভারত সীমান্তে এক স্তরের বেড়া দেবে ভারত : বিজিবি-বিএসএফের বৈঠক**

বাংলাদেশ-ভারতের সীমান্ত সংলগ্ন ২৫০ টি গ্রামের মানুষের নিরাপত্তার কথা চিন্তা করে এক স্তরের বেড়া নির্মাণের ব্যাপারে একমত হয়েছে উভয় দেশের সীমান্তরক্ষী বাহিনী। আন্তর্জাতিক সীমান্ত অপরাধ কমিয়ে আনা এবং সীমান্ত পাড়ের জনবসতিপূর্ণ এলাকাগুলোতে নিরাপত্তা ফিরিয়ে আনতে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে উভয় বাহিনী। গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার নয়াদিল্লীতে বর্ডার গার্ড বাংলাদেশ ও ভারতের সীমান্তরক্ষী বাহিনী বিএসএফের মধ্যকার ৪৩তম ডিজি পর্যায়ের বৈঠক শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **প্রথম আলো** (পৃ.১,ক.৮), **ডেইলি স্টার** (পৃ.১,ক.৬)।

**১৩। জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে কলেজছাত্রী খাদিজা**

সিলেটে শাহজালাল বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রের ধারালো অস্ত্রের কোপে গুরুতর আহত কলেজছাত্রী খাদিজা বেগম নার্গিসের অবস্থা সংকটাপন্ন। গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার দ্বিতীয় দফা অস্ত্রোপচারের পর তাকে লাইফ সাপোর্টে রাখা হয়েছে বলে জানিয়েছেন রাজধানীর স্কয়ার হাসপাতালের চিকিৎসকরা। তিনি এখন জীবন-মৃত্যুর সন্ধিক্ষণে। এদিকে হামলাকারী বদরুল আলমকে সাময়িক বহিষ্কার করেছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) কর্তৃপক্ষ। তার বিরুদ্ধে গতকাল ৪ অক্টোবর মঙ্গলবার দুপুরে সিলেটের শাহপরান থানায় মামলা করা হয়েছে বলে জানায়। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **সংবাদ, প্রথম আলো, জনকণ্ঠ, অবজারভার, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১৪। বিশ্ব শিক্ষক দিবস আজ**

আজ ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস। ১৯৯৪ সালে জাতিসংঘ এ দিনটিকে শিক্ষক দিবস হিসেবে ঘোষণা করে। পৃথিবীর বিভিন্ন দেশে আর্থিক মন্দা ও প্রাকৃতিক বিপর্যয়ের পরিপ্রেক্ষিতে শিক্ষকদের পুনর্বাসন ও অধিকার প্রতিষ্ঠার আকাঙ্ক্ষাকে উপজীব্য করে দিবসটির এ বছরের প্রতিপাদ্য : 'শিক্ষকদের মূল্যায়ন, মর্যাদার উন্নয়ন। বাংলাদেশে ৫ লক্ষাধিক শিক্ষক ও শিক্ষাকর্মী এবার এ দিবসটি পালন করবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.২,ক.৩), **অবজারভার** (পৃ.৯,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** শিক্ষকদের প্রাপ্য অধিকার ও মর্যাদা নিশ্চিত করার পাশাপাশি শিক্ষকদেরও তাদের হারানো গৌরব ও মর্যাদা পুনরুদ্ধারে যত্নবান হওয়ার আহ্বান।

খ. **সংবাদ :** সুন্দরবন রক্ষার নামে এর ভিতরে অবকাঠামো নির্মাণের যে উদ্যোগ বন বিভাগ নিয়েছে তাতে সুন্দরবনের পরিবেশ ও জীববৈচিত্র্যের ক্ষতির আশঙ্কা করে সুন্দরবনকে এর মতোই থাকতে দেওয়ার সুপারিশ।

গ. **প্রথম আলো :** ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের উড়াল ফুটপাত বানানোর উদ্যোগকে একটি অবাস্তব চিন্তা বলে মন্তব্য করে একনেককে এই প্রকল্পটিতে অনুমোদন দেওয়া থেকে বিরত থাকার সুপারিশ।

ঘ. **জনকণ্ঠ :** বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর নারীর প্রতি সহিংসতা শীর্ষক প্রকাশিত জরিপের ফলাফল তুলে ধরে নারী নির্যাতনের সকল ঘটনায় প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের পাশাপাশি অধিকতর সামাজিক সচেতনতা বাড়ানো দরকার বলে অভিমত।

ঙ. **সমকাল, ভোরের কাগজ, ডেইলি স্টার, ডেইলি সান :** বিশ্বব্যাংকের প্রতিবেদনে প্রকাশিত বাংলাদেশে দারিদ্র্য পরিস্থিতির উন্নতি ঘটার বিষয় তুলে ধরে দারিদ্র্য বিমোচনে সাফল্যের ধারা অব্যাহত রাখতে সবাইকে সচেষ্ট হওয়ার আহ্বান।

চ. **যুগান্তর, ইনকিলাব :** বিশ্বব্যাংকের 'বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেট' শীর্ষক প্রতিবেদনে প্রকাশিত বাংলাদেশে বিনিয়োগে স্থবিরতার কারণগুলো দূর করে দেশে বিনিয়োগবান্ধব পরিবেশ নিশ্চিত করতে সরকারকে অবকাঠামোগত দুর্বলতার অবসানে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।



ছ. **ইন্ডিপেনডেন্ট, যুগান্তর :** ইসি পুনর্গঠন প্রশ্নে সবার আস্থা অর্জনের বিষয়টি বিবেচনায় নিয়ে একটি গ্রহণযোগ্য নির্বাচন কমিশন গঠনের বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে অভিমত প্রকাশ।

জ. **ডেইলি স্টার :** ত্রুটিপূর্ণ নৌযান চলাচলে নিষেধাজ্ঞা কঠোরভাবে প্রয়োগের সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** নদী-ভাঙনে প্রতি বছর প্রায় ৫০ হাজার লোক ভূমিহীন হয়ে পড়ায় নদীগুলোকে প্রতিনিয়ত খনন করে নাব্যতা বজায় রাখার ওপর গুরুত্বারোপ।

ঞ. **নিউ এজ :** বাংলাদেশি কর্মীদের বিদেশে যাওয়ার ব্যাপারে ফিংগার প্রিন্ট নেওয়ার ব্যবস্থা শুধু রাজধানীর ইসকাটন রোডের প্রবাসী কল্যাণ ব্যাংকে সীমাবদ্ধ না রেখে হয়রানি কমাতে দেশের প্রতিটি উপজেলায়

ফিংগার প্রিন্ট নেওয়ার ব্যবস্থা গ্রহণ করার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে **‘**বিবাহিত নারীদের ৮০ শতাংশ নির্যাতনের শিকার’ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর প্রকাশিত তথ্যের পরিপ্রেক্ষিতে সম্মিলিতভাবে পরিবার ও সমাজকে সচেতন করতে পারলেই কেবল এ অনাকাঙ্খিত নারীচিত্রের পরিবর্তন ঘটানো যাবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **‘সবার জন্য সুনিশ্চিত হোক শিক্ষা’** শিরোনামের নিবন্ধে অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ইউনেস্কোর সুপারিশের আলোকে শিক্ষা ব্যবস্থাপনার আমূল সংস্কার এবং জাতিসংঘ গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধে উদ্যোগ গ্রহণের আহ্বান জানিয়েছেন ।

**#**

ফারহানা/ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা